



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
কলেজ শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১২

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯

৩১ অক্টোবর ২০২২

বিষয়: মাগুরা জেলার শালিখা উপজেলাধীন সীমাখালী স্কুল এন্ড কলেজের কলেজ শাখার পাঠদানের অনুমতি বাতিল করা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শালিখা উপজেলাধীন সীমাখালী স্কুল এন্ড কলেজে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রদান করা হয়। শুরু থেকে এ প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি হয়নি। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ থেকে কোনো শিক্ষার্থীই উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভর্তি হয়নি। ২০১৭ সালে তিন জন পরীক্ষার্থী উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে এবং দুই জন উত্তীর্ণ হয়। এর পরে আর কোনো পরীক্ষার্থী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করেনি। এমতাবস্থায়, মাগুরা জেলার শালিখা উপজেলাধীন সীমাখালী স্কুল এন্ড কলেজে বিগত পাঁচ বছরে উচ্চমাধ্যমিক পর্যায়ে কোনো শিক্ষার্থী ভর্তি না হওয়ায়, উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কোনো পরীক্ষার্থী অংশগ্রহণ না করায় এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে কার্যক্রম বন্ধ থাকায় আগামী কলেজ মঞ্জুরি কমিটির অনুমোদন সাপেক্ষে মাগুরা জেলার শালিখা উপজেলাধীন সীমাখালী স্কুল এন্ড কলেজ-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি বাতিল করা হলো।

২। পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের জন্য এ বোর্ডের বিদ্যালয় শাখায় আবেদন করার জন্য বলা হলো।

৩১-১০-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৬২৬৯৮

অধ্যক্ষ, সীমাখালী স্কুল এন্ড কলেজ

শালিখা, মাগুরা

ইমেইল: ic@jessoreboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১২/১(৭)

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯

৩১ অক্টোবর ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, মাগুরা
- ৬) সভাপতি, গভর্নিং বডি, সীমাখালী স্কুল এন্ড কলেজ, শালিখা, মাগুরা
- ৭) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

৩৯-১০-২০২২

কে এম রব্বানী  
কলেজ পরিদর্শক